

ভক্ত মন্দির মিউজিক্যাল নাইট ২০১৩

রতন কুণ্ড: গত ২৫শে আগস্ট ২০১৩ রাইড সিভিক হলে অনুষ্ঠিত হল ভক্ত-মন্দির সিডনী কর্তৃক আয়োজিত এক ব্যতিক্রমধর্মী মিউজিক্যাল নাইট। এটি মূলত: ভক্ত মন্দির সিডনী আয়োজিত একটি ফান্ড রেইজিং প্রোগ্রাম। এই অনুষ্ঠানে উপার্জিত সমুদয় অর্থ মন্দির তৈরির কাজে ব্যয়িত হবে। চার শতাধিক দর্শকের উপস্থিতিতে, প্রাণবন্ত তরুণ তরুণীদের অংশগ্রহণে অনুষ্ঠানটি একটি আলাদা মাত্রা



অর্জন করতে সক্ষম হয়েছে। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সুরুসঞ্জম এর পরিচালক নিতিন মদন, দীপা আরোরা ও desi.com.au এর এডমিন আরতি বাঙ্গা। শুরুতেই মঙ্গল-দ্বীপ জ্বালিয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করা হয়। ভক্ত-মন্দির এর এক ঝাঁক শিশু কিশোর কিশোরীর সমবেত ভক্তি সংগীত ইথারে ইথারে ছড়িয়ে পরে। সমস্ত হল ভর্তি দর্শকের হৃদয় আপ্লুত করে। উদ্বোধনী অনুষ্ঠানে ভক্ত মন্দির এর আয়োজক, স্পন্সর, শুভানুধ্যায়ী, ফেডারেল এম.পি লরি ফারগুসন, নিউ সাউথ ওয়েলস্ লেবার সিনেটর ম্যাট থিসেলথুওয়েইট, গ্রিনওয়ে এম.পি মাইকেল রোলান্ড স্থানীয় মেয়র ও কাউন্সিলরদের উপস্থিতিতে হরিশ ভেলজি মংগল দ্বীপ প্রজ্বলন করেন। পুরো অনুষ্ঠানটি সংযোগ সাধন, সমন্বিত-করন ও সর্বাঙ্গীণ সুন্দর করার জন্য সংগঠনের সাংস্কৃতিক সম্পাদক শ্রী মতি উর্মি তালুকদার অক্লান্ত পরিশ্রম করেছেন। এম.পি মাইকেল রোলান্ড অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মরণে রবীন্দ্রসংগীত দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন জয়ীতা ও ঋতুপর্ণা ঘোষ। এরপর একে একে সংগীত পরিবেশন করেন ২০১১ ও ২০১২ এর অস্ট্রেলিয়া ইন্ডিয়ান আইডল চ্যাম্পিয়ন ও রানার আপ শিল্পীবৃন্দ। একে একে সংগীত নিয়ে মঞ্চে আসেন মনিষ কুমার, নিতিন শর্মা, জেসমিন গিল, চৈত্রা রবিশংকর, জগপ্রীত গ্রোভার ও পারমিতা দে। সাথে ছিল সাজ ব্যান্ড গ্রুপ। ক্যানবেরা থেকে আগত স্বনামধন্য শিল্পী পারমিতা দে বাংলা গান গেয়ে দর্শক শ্রোতাদের মুগ্ধ করেন।



এর পরে একক, ক্লাসিক্যাল ও দলীয় নৃত্য পরিবেশন করেন সি.কে পারফর্মিং আর্টস, নিপ-ইন্দো ফিউসন গ্রুপ, উষা বাড়িয়া, সোয়াস্তিক ইন্সটিটিউট অব ডান্স এবং রোড টু বলিউড এর কুশলীবৃন্দ। সোয়াস্তিকের দলীয় নৃত্য-নকসা ছিল অনবদ্য ও অভূতপূর্ব। নিপ-ইন্দো গ্রুপের দলীয় নৃত্যে একটা আলাদা ডাইমেনসন ছিল এবং সিডনীর দর্শকরা অনেকদিন মনে রাখবে।

একক সংগীতের পরপরই দ্বৈত ও দলীয় সংগীত পরিবেশন করেন শিল্পীবৃন্দ। বাংলা, হিন্দি, মারাঠি, ইংলিশ রি-মিক্স ও পাঞ্জাবী ভাষায় ও বিচিত্র সুরে রাইড সিডিক হল থিয়েটার সেদিন মুখরিত হয়েছিল। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল বলিউড এর প্রথিতযশা সংগীত শিল্পী উদিত নারায়ণ এর সহযোগী শিল্পী জেসমিন গিল ও রাধিকা রাত্ত। এ অনুষ্ঠানকে উপলক্ষ করে দুই বাংলা তথা ভারত উপমহাদেশের সংস্কৃতি প্রিয় দর্শকেরা মিলিত হয়েছিল এক মহা-মিলন মেলায়। কানায় কানায় হল ভর্তি দর্শকের প্রাণবন্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি সার্থকতা লাভ করে।

তাৎক্ষণিক ভাবে এক দর্শক মন্দির এর জন্য ৫০০০ ডলার অনুদান ঘোষণা করেন। সাথে সাথে আরও দর্শক তাদের অনুদান এর হাত নিয়ে এগিয়ে আসেন। সব মিলিয়ে প্রায় ২৫,০০০ ডলার সংগৃহীত হয়েছে জানালেন সুমন সাহা ও সতীর্থরা। উক্ত অনুষ্ঠানে শুধুমাত্র দর্শকের কাছ থেকেই প্রায় ১৪,০০০ ডলার অনুদান সংগৃহীত হয়েছে। আরও ১০-১২ হাজার ডলার অনুদানের প্রতিশ্রুতি পাওয়া গেছে। অনুষ্ঠানটি সর্বাঙ্গীন সুন্দর, গোছানো ও সার্থক করার জন্য ভক্ত-মন্দির এর এক ঝাক তরুণ ভল্‌ট্যান্টিয়ারদের অবদান প্রণিধানযোগ্য। সম্মিলিত প্রচেষ্টা, সদিচ্ছা ও মননশীলতা থাকলে স্বপ্নের মন্দির এর জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহে খুব বেশী দিন লাগবেনা বলে আমাদের দৃঢ় বিশ্বাস।

